

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ / ০১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ।

প্রজ্ঞাপন নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০০৪.১৭/১৩-মুসক/২০১৭।—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, আইনের প্রথম তফসিলের প্রথম খন্ডের দফা ১৬ এর ক্রমিক নং ১২ এর উদ্দেশ্য পূরণকল্পে নিম্নরূপ বিধি প্রণয়ন করিল, যথা:-

২। Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর কলাম (1) এর শিরোনাম সংখ্যা (Heading No.) 84.17 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সংশ্লিষ্ট সামঞ্জস্যপূর্ণ নামকরণ (H.S. Code) কোডের আওতাধীন কলাম (3) এ বর্ণিত রেফ্রিজারেটর ও ফ্রিজারকে, অতঃপর পণ্য বলিয়া উল্লিখিত এর সরবরাহ পর্যায়ে এবং রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও খুচরা যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক অব্যাহতির বিধান কার্যকরকরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসমূহ পরিপালনীয় হইবে, যথা:-

শর্তাবলী

- (ক) সংযোজনকারী প্রতিষ্ঠান ব্যতীত উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে;
- (খ) সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ হইতে উৎপাদক হিসেবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;
- (গ) সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব মোল্ড ও ডাইস তৈরির প্লান্ট ও উহা তৈরীর সংশ্লিষ্ট মেশিনারী যেমন, Verticle Machining Centre (VMC), Electric Discharge Machine (EDM), Wire Cut Machine থাকিতে হইবে;
- (ঘ) রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদনকারী প্রতিষ্ঠানে Poly Unrethane Faoming Plant, Powder Coating Plant, Injection Molding Machine, ETP Plant, Thermoforming Plant, Roller Forming Machine, Gasket, Making Plant, ABS & HIPS Sheet Co-Extruding Machine Line, Humidity & Temperature Testing Chamber, Moisturing Testing Machine, Salt spray Testing Machine, Die Casting Machine, Hardness Testing Machine & Packing Unit থাকিতে হইবে;
- (ঙ) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে কমপক্ষে ৩০% মূল্য সংযোজন করিতে হইবে;

- (চ) দফা (ক) হইতে দফা (ঙ) এ উল্লিখিত শর্তাদি প্রতিপালনপূর্বক উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে অব্যাহতির বিধান কার্যকরকরণের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের নিকট আবেদন করিতে হইবে;
- (ছ) উক্ত আবেদনের ভিত্তিতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গঠিত নিম্নে বর্ণিত পরিদর্শন কমিটির প্রতিবেদন বোর্ড কর্তৃক গৃহীত হইতে হইবে।

কমিটি গঠনঃ

- (১) দ্বিতীয় সচিব (মুসক), জাতীয় রাজস্ব বোর্ড;
- (২) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা;
- (৩) সংশ্লিষ্ট মুসক সার্কেল রাজস্ব কর্মকর্তা।

(জ) দফা (ছ) তে বর্ণিত কমিটি আবেদন প্রাপ্তির অনাধিক ৪৫ (পয়তাল্লিশ) দিনের মধ্যে পরিদর্শন প্রতিবেদন বোর্ডের নিকট পেশ করিবে এবং বোর্ডের অনুমোদন প্রাপ্তির পর আবেদনকারী প্রতিষ্ঠানকে অনুমোদনের তারিখ হইতে এই সুবিধা প্রদান করা হইবে।

৩। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্যপূরণকল্পে কোন উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৬৪, ১০৭ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।

৪। উল্লিখিত অনুচ্ছেদ-২ এর শর্তাদি পূরণ সাপেক্ষে অব্যাহতিপ্রাপ্ত হইলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুচ্ছেদ-৩ এর শর্ত পরিপালন করিতে ব্যর্থ হইলে এই অব্যাহতি সুবিধা প্রাপ্য হইবে না। সেই ক্ষেত্রে কমিশনার উক্ত আইনের ধারা ৭৬ এর ক্ষমতাবলে প্রদত্ত কর সুবিধা রদ করিবেন।

৫। এই প্রজ্ঞাপনের কার্যকারিতা আগামী ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখ হইতে ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)

চেয়ারম্যান